গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
নাসিরাবাদ, চট্টগ্রাম।
ওয়েব সাইট : cgwc.edu.bd

নং : ৮৯০

তারিখ : ১২/১১/২০২৫

# সংশোধিত বিজ্ঞপ্তি

কলেজের ডিগ্রী (পাস), অনার্স ও মাস্টার্স শ্রেণির নিয়মিত ছাত্রীদের জানানো যাচ্ছে যে, 'জাতীয় বিশ্ববিদ্যালয় আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬' অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত প্রতিযোগিতায় বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণেচ্ছু ছাত্রীদের নিম্নোক্ত তথ্য ছক অনুযায়ী আবেদন আগামী ২০/১১/২০২৫ খ্রি. বেলা ১.০০ টা মধ্যে বাংলা বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোছাঃ জুয়েরিয়া বেগম এর নিকট জমাদানের জন্য নির্দেশ দেয়া হল।

- **জাতীয় বিশ্ববিদ্যালয় আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতায় একজন প্রতিযোগী এককভাবে সর্বোচ্চ ০২ (দুই) টি এবং দলীয়ভাবে সর্বোচ্চ ০২ (দুই) টি ইভেন্টে প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে পারবে।**

| ইভেন্ট |
|---|
| ১০০ মিটার স্প্রিন্ট |
| ২০০ মিটার স্প্রিন্ট |
| ৪০০ মিটার স্প্রিন্ট |
| ৮০০ মিটার স্প্রিন্ট |
| ৫০০০ মিটার দৌড় |
| শর্টপুট |
| ডিসকাস থ্রো |
| জ্যাভলিন থ্রো |
| হ্যামার থ্রো |
| লং জাম্প |
| হাই জাম্প |
| ট্রিপল জাম্প |
| পোলভোল্ট |
| ৪x১০০ রিলে |
| ৪x৪০০ রিলে |
| ১১০/১০০ মিটার হার্ডেলস |
| দাবা |
| ক্যারাম |
| ব্যাডমিন্টন |
| টেবিল টেনিস |

**তথ্য পূরণের নমুনা ছক ঃ**

National University Inter-College Sports, Cultural and Debate Competition Form :

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 6. | Event Name : | 11. | Date of Birth | 16. | National ID Number | 21. | Branch Name : |
| 7. | Participant's Name : | 12. | Gender : | 17. | E-mail : | 22. | Branch Code : |
| 8. | Registration Number/Admission Roll | 13. | Level : (District/Zone) | 18. | Account Holder's Name | 23. | Routing Number : |
| 9. | Course Name : | 14. | Results obtained at District Level : | 19. | Account Number : | 24. | Student's Photograph : |
| 10 | Session : | 15. | Contact Number : | 20. | Bank Name : | | |

অধ্যক্ষ
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
চট্টগ্রাম

12.11.25
আহ্বায়ক
জাতীয় বিশ্ববিদ্যালয় আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ পরিচালনা কমিটি
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম

Aziz_E:\Rubel Folder\-+\College Folder\Sports (NU).docx

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

প্রফেসর মোহাং রেজা খান হেলালী
আইডি নং : ০০২৯২৮
অধ্যক্ষ
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

স্মারক নং-৩২(০৩৮)জাতীঃবিঃ/শাঃশিঃ/স্পোর্টসবোর্ড/২০১২/

তারিখ: ২৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৯ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## সংশোধিত বিজ্ঞপ্তি

### আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সম্মানিত অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, স্নাতক (পাস ও সম্মান) এবং স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ এর কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও ভেন্যু নিম্নে উল্লেখ করা হলো।

| | |
|---|---|
| ক. নিবন্ধন কার্যক্রম | : ০৫ নভেম্বর ২০২৫ থেকে ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত |
| খ. জেলা পর্যায় | : ০১ ডিসেম্বর ২০২৫ থেকে ১৫ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত |
| গ. বিভাগীয় পর্যায় | : ২০ ডিসেম্বর ২০২৫ থেকে ১৮ জানুয়ারি ২০২৬ পর্যন্ত |

ঘ. জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণের তারিখ পরে জানানো হবে।

২) প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে অধিভুক্ত কলেজসমূহের ইভেন্ট-ভিত্তিক প্রতিযোগীবৃন্দের সকল তথ্য বিজ্ঞপ্তি প্রকাশের পর আগামী ৩০ নভেম্বর ২০২৫ মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় এর ওয়েবসাইটে (https://sports.nu.ac.bd) গিয়ে College Login (পাসওয়ার্ড collegeportal.nu.ac.bd নোটিফিকেশন লিংকে পাওয়া যাবে) করে College Entry লিংক-এ প্রবেশপূর্বক অনলাইন ফরম পূরণ করতে হবে (ওয়েব সাইটে তথ্য পূরণে যে কোন সমস্যায় মোঃ মনিরুল ইসলাম, সিনিয়র প্রোগ্রামার, মোবাইল ০১৯১১১৪১১২৭ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

তথ্য পূরণের ছক:

**National University Inter-College Sports, Cultural and Debate Competition Form**

| | | | |
|---|---|---|---|
| 6. Event Name: | 11. Date of Birth: | 16. National ID Number: | 20. Branch Name: |
| 7. Participant's Name: | 12. Gender: | 17. E-mail: | 21. Branch Code: |
| 8. Registration Number/Admission Roll | 13. Level: (District/Zone) | 18. Account Holder's Name: | 22. Routing Number: |
| 9. Course Name: | 14. Results obtained at District Level: | 19. Account Number: | 23. Student's Photograph: |
| 10. Session: | 15. Contact Number: | 20. Bank Name: | |

৩) টিম গঠন: প্রতিযোগিতায় নিম্নবর্ণিত ১৩টি ইভেন্ট থাকবে। প্রতিটি ইভেন্টের জন্য প্রয়োজনীয় সংখ্যক প্রতিযোগীর সমন্বয়ে টিম গঠন করতে হবে।

- এ্যাথলেটিকস্ : (১০০ মিঃ স্প্রিন্ট, ২০০ মিঃ স্প্রিন্ট, ৪০০ মিঃ স্প্রিন্ট, ৮০০ মিঃ স্প্রিন্ট, ৫০০০ মিঃ দৌড়, শর্টপুট, ডিসকাস থ্রো, জ্যাভলিন থ্রো, হ্যামার থ্রো, লং জাম্প, হাই জাম্প, ট্রিপল জাম্প, পোলভোল্ট, ৪x১০০ মিঃ রিলে, ৪x৪০০ মিঃ রিলে ও ১১০/১০০ মিঃ হার্ডেলস)।

| | | |
|---|---|---|
| • হ্যান্ডবল = ১২ জনের টিম | • টেবিল টেনিস = ৪ জনের টিম (একক ও দ্বৈত) | • সাঁতার = ৪ জনের টিম |
| • দাবা = ৪ জনের টিম (একক ও দ্বৈত) | • হকি = ১৬ জনের টিম | • ভলিবল = ১২ জনের টিম |
| • ক্যারাম = ৪ জনের টিম (একক ও দ্বৈত) | • ফুটবল = ১৬ জনের টিম | • ক্রিকেট = ১৬ জনের টিম |
| • ব্যাডমিন্টন = ৪ জনের টিম (একক ও দ্বৈত) | • বাস্কেটবল = ১২ জনের টিম | • কাবাডি = ১২ জনের টিম |

৪) নির্দেশনাসমূহ:

ক) ইভেন্টসমূহে ছাত্র এবং ছাত্রীরা উভয়ই পৃথক পৃথকভাবে অংশগ্রহণ করতে পারবেন।

খ) ক্রিকেট খেলার ক্ষেত্রে অবশ্যই কাঠের বল ব্যবহার করতে হবে।

গ) যে কোনো ইভেন্টে অংশগ্রহণের জন্য প্রতিযোগীকে ব্যক্তিগতভাবে খেলার সামগ্রী সঙ্গে নিয়ে আসতে হবে।

ঘ) সাঁতারের ক্ষেত্রে স্থানীয় ক্রীড়া সংস্থার সাথে যোগাযোগ করে প্রতিযোগিতার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ) একজন প্রতিযোগী সর্বোচ্চ ০২ (দুই) টি একক এবং ০২ (দুই) টি দলীয় ইভেন্টে অংশগ্রহণ করতে পারবেন।

চ) *প্রতিযোগীগণকে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। কোন প্রতিযোগীর ব্যক্তিগতভাবে আবেদন করার সুযোগ থাকবে না।*

ছ) *জরুরী প্রয়োজনে জনাব মোঃ ইব্রাহীম খলীল, অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (মোবাইল : ০১৮৫৩৬৯৫৩৫৭) এবং জনাব আব্দুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা), শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (মোবাইল : ০১৭১৩৬৭১৫৫২) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।*

জ) জেলা ভেন্যুর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জেলা পর্যায়ে ইভেন্ট-ভিত্তিক বিজয়ীদের মধ্যে ১ম স্থান অধিকারী ছাত্র-ছাত্রী/দলের সকল তথ্যসহ প্রতিযোগিতার ফলাফল ক্রীড়া অনুষ্ঠান সমাপ্তির পরই ওয়েবসাইটে আপলোড করবেন। যদি ১ম স্থান অধিকারী খেলোয়াড় যদি কোনো কারণে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণে অসম্মতি প্রকাশ করে সেক্ষেত্রে ২য় স্থান অধিকারী খেলোয়াড় বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য মনোনীত হবেন।

ঝ) জেলা ও বিভাগীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের জন্য দেশের ৬৪টি জেলার ৬৪টি কলেজ এবং ৮টি বিভাগের ৮টি কলেজকে ভেন্যু হিসেবে নির্বাচন এবং প্রতিযোগিতার ব্যয় নির্বাহের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট ভেন্যু কলেজে ব্যাংকের হিসাব নম্বরে প্রেরণ করা হবে।

ঞ) প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহের নিয়মিত ছাত্র-ছাত্রী হতে হবে। ১ম বর্ষ ডিগ্রী, অনার্স ও মাস্টার্স কোর্সে ভর্তি হওয়ার পর কোন ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন না পেয়ে থাকলে ভর্তি রোল নম্বরের মাধ্যমে নিবন্ধন কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন।

ট) ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনার ক্ষেত্রে গঠিত কমিটিতে কলেজে কর্মরত শরীরচর্চা/ক্রীড়া শিক্ষককে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

ঠ) ক্রীড়া প্রতিযোগিতায় ইভেন্ট-ভিত্তিক বিজয়ী প্রতিযোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভেন্যু কলেজের অধ্যক্ষ তাঁর নিজ কলেজের একজনসহ ০৩ (তিন) সদস্যবিশিষ্ট বিচারক প্যানেল গঠন করবেন। তন্মধ্যে একজন জেলা/বিভাগীয় ক্রীড়া সংস্থা কর্তৃক মনোনীত ও অপর একজন ভেন্যু কলেজ ব্যতীত অন্য যেকোন কলেজ হতে মনোনীত হবেন। এক্ষেত্রে কলেজ অধ্যক্ষ সংশ্লিষ্ট জেলা ক্রীড়া কর্মকর্তার সহযোগিতা ও পরামর্শ গ্রহণ করতে পারেন।

ড) জেলা পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রী/দলকে সনদপত্র প্রদান করা হবে এবং প্রতিটি ইভেন্টে প্রথম স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রী/দল বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

ঢ) বিভাগীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রী/দলকে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে। তবে প্রত্যেক বিভাগ থেকে প্রতিটি ইভেন্টে শুধুমাত্র প্রথম স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রী/দল চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

ণ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ স্ব স্ব জেলা/বিভাগে আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ এর কার্যক্রম সমন্বয় করবেন। শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের পরিচালক প্রধান সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালন করবেন।

ত) পরিচালক (আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর) জেলা/বিভাগ-ভিত্তিক প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত কাজে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

থ) চূড়ান্ত প্রতিযোগিতায় প্রতিযোগীর সংখ্যা ১৬ জন পর্যন্ত হলে ১ জন শরীরচর্চা শিক্ষক/শিক্ষক প্রতিনিধি এবং ১৬ জনের অধিক হলে সহযোগিতার জন্য ২ জন শরীরচর্চা শিক্ষক/শিক্ষক প্রতিনিধি/অভিভাবক প্রতিনিধির দায়িত্ব পালন করবেন।

দ) স্পোর্টস বোর্ডের সম্মানিত সদস্যগণ এবং বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের কর্মকর্তাগণ জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে ভেন্যুতে উপস্থিত থেকে সার্বিক বিষয় পর্যবেক্ষণসহ পুরস্কার বিতরণ কার্যক্রমে অংশগ্রহণ করবেন।

ধ) আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ পরিচালনার ক্ষেত্রে কোনো বিষয়ে সমস্যা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ অথবা তাঁর মনোনীত প্রতিনিধি বিশ্ববিদ্যালয়ের পরিচালক, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর এর সাথে যোগাযোগ ও পরামর্শক্রমে ব্যবস্থা গ্রহণ করবেন।

৫) জেলা পর্যায়ে নিম্নবর্ণিত ভেন্যুতে আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার নাম | যেসব কলেজে জেলা পর্যায়ের ভেন্যু হিসেবে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে |
|---|---|---|---|
| ১. | ঢাকা বিভাগ | ঢাকা | সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা |
| ২. | | গাজীপুর | ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ |
| ৩. | | নরসিংদী | রায়পুরা সরকারি কলেজ |
| ৪. | | মুন্সীগঞ্জ | সরকারি হরগঙ্গা কলেজ |
| ৫. | | মানিকগঞ্জ | সরকারি দেবেন্দ্র কলেজ |
| ৬. | | নারায়ণগঞ্জ | সরকারি তোলারাম কলেজ |
| ৭. | | ফরিদপুর | সরকারি রাজেন্দ্র কলেজ |
| ৮. | | গোপালগঞ্জ | গোপালগঞ্জ সরকারি মহিলা কলেজ |
| ৯. | | রাজবাড়ী | রাজবাড়ী সরকারি কলেজ |
| ১০. | | মাদারীপুর | মাদারীপুর সরকারি কলেজ |
| ১১. | | শরীয়তপুর | শরীয়তপুর সরকারি কলেজ |
| ১২. | | কিশোরগঞ্জ | গুরুদয়াল সরকারি কলেজ |
| ১৩. | | টাঙ্গাইল | মেজর জেনারেল মাহমুদুল হাসান আদর্শ কলেজ |
| ১৪. | ময়মনসিংহ বিভাগ | ময়মনসিংহ | সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ময়মনসিংহ |
| ১৫. | | নেত্রকোণা | নেত্রকোণা সরকারি কলেজ |
| ১৬. | | শেরপুর | শেরপুর সরকারি কলেজ |
| ১৭. | | জামালপুর | সরকারি আশেক মাহমুদ কলেজ |
| ১৮. | বরিশাল বিভাগ | বরিশাল | সরকারি শারীরিক শিক্ষা কলেজ, বরিশাল |
| ১৯. | | পিরোজপুর | সরকারি সোহরাওয়ার্দী কলেজ |
| ২০. | | বরগুনা | বরগুনা সরকারি কলেজ |
| ২১. | | ঝালকাঠি | ঝালকাঠি সরকারি কলেজ |
| ২২. | | পটুয়াখালী | পটুয়াখালী সরকারি কলেজ |
| ২৩. | | ভোলা | ভোলা সরকারি কলেজ |
| ২৪. | রংপুর বিভাগ | পঞ্চগড় | সাকোয়া ডিগ্রি কলেজ |
| ২৫. | | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সরকারি কলেজ |
| ২৬. | | দিনাজপুর | কে বি এম কলেজ |
| ২৭. | | কুড়িগ্রাম | কুড়িগ্রাম সরকারি কলেজ |
| ২৮. | | লালমনিরহাট | লালমনিরহাট সরকারি কলেজ |
| ২৯. | | নীলফামারী | নীলফামারী সরকারি কলেজ |
| ৩০. | | রংপুর | কারমাইকেল কলেজ |
| ৩১. | | গাইবান্ধা | গাইবান্ধা সরকারি কলেজ |
| ৩২. | রাজশাহী বিভাগ | বগুড়া | সরকারি আজিজুল হক কলেজ |
| ৩৩. | | জয়পুরহাট | জয়পুরহাট সরকারি কলেজ |
| ৩৪. | | পাবনা | সরকারি এডওয়ার্ড কলেজ |
| ৩৫. | | সিরাজগঞ্জ | সরকারি রাশিদাজ্জোহা মহিলা কলেজ |
| ৩৬. | | রাজশাহী | সরকারি শারীরিক শিক্ষা কলেজ, রাজশাহী |
| ৩৭. | | চাঁপাইনবাবগঞ্জ | নবাবগঞ্জ সরকারি কলেজ |
| ৩৮. | | নওগাঁ | নওগাঁ সরকারি কলেজ |
| ৩৯. | | নাটোর | নবাব সিরাজ উদ্ দৌলা (এনএস) সরকারি কলেজ |
| ৪০. | খুলনা বিভাগ | কুষ্টিয়া | কুষ্টিয়া সরকারি কলেজ |
| ৪১. | | মেহেরপুর | মেহেরপুর সরকারি কলেজ |
| ৪২. | | চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা সরকারি কলেজ |
| ৪৩. | | যশোর | সরকারি মাইকেল মধুসূদন কলেজ |
| ৪৪. | | নড়াইল | নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ |
| ৪৫. | | ঝিনাইদহ | কেশব চন্দ্র (কেসি) সরকারি কলেজ |
| ৪৬. | | মাগুরা | সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ |
| ৪৭. | | সাতক্ষীরা | সাতক্ষীরা সরকারি কলেজ |
| ৪৮. | | খুলনা | সরকারি ব্রজলাল কলেজ, খুলনা |
| ৪৯. | | বাগেরহাট | সরকারি শারীরিক শিক্ষা কলেজ, বাগেরহাট |
| ৫০. | চট্টগ্রাম বিভাগ | কক্সবাজার | কক্সবাজার সরকারি কলেজ |
| ৫১. | | বান্দরবান | বান্দরবান সরকারি কলেজ |
| ৫২. | | রাঙ্গামাটি | রাঙ্গামাটি সরকারি কলেজ |
| ৫৩. | | চট্টগ্রাম | সরকারি শারীরিক শিক্ষা কলেজ, চট্টগ্রাম |
| ৫৪. | | খাগড়াছড়ি | খাগড়াছড়ি সরকারি কলেজ |
| ৫৫. | | ফেনী | ফেনী সরকারি কলেজ |
| ৫৬. | | নোয়াখালী | নোয়াখালী সরকারি কলেজ |
| ৫৭. | | লক্ষীপুর | লক্ষীপুর সরকারি কলেজ |
| ৫৮. | | চাঁদপুর | চাঁদপুর সরকারি কলেজ |
| ৫৯. | | কুমিল্লা | কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ |
| ৬০. | | ব্রাহ্মণবাড়ীয়া | ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ |
| ৬১. | সিলেট বিভাগ | হবিগঞ্জ | বৃন্দাবন সরকারি কলেজ |
| ৬২. | | মৌলভীবাজার | মৌলভীবাজার সরকারি কলেজ |
| ৬৩. | | সিলেট | মুরারিচাঁদ কলেজ |
| ৬৪. | | সুনামগঞ্জ | সুনামগঞ্জ সরকারি কলেজ |

৬) বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা নিম্নবর্ণিত ৮টি কলেজ ভেন্যুতে অনুষ্ঠিত হবে।

| বিভাগীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার ভেন্যু | |
|---|---|
| ১. | ঢাকা বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা |
| ২. | চট্টগ্রাম বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, চট্টগ্রাম |
| ৩. | রাজশাহী বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, রাজশাহী |
| ৪. | খুলনা বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, বাগেরহাট |
| ৫. | সিলেট বিভাগ- সরকারি মুরারি চাঁদ কলেজ, সিলেট |
| ৬. | বরিশাল বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, বরিশাল |
| ৭. | রংপুর বিভাগ- কারমাইকেল কলেজ, রংপুর |
| ৮. | ময়মনসিংহ বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ময়মনসিংহ |

*বিঃ দ্রঃ কোন কারণবশতঃ জেলা/বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার ভেন্যু পরিবর্তনের প্রয়োজন হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিকল্প ভেন্যু নির্ধারণ করবেন।*

৭) বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতার ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে :

ক. বিভাগীয় ভেন্যুর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ইভেন্ট-ভিত্তিক প্রতিযোগিতা সম্পন্ন হওয়ার পর ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে ফলাফল ওয়েবসাইটে আপলোড করবেন।

খ. জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা চলাকালীন ব্যানার ও প্রতিযোগিতা শেষে ফলাফলের (প্রতিটি ইভেন্টের) ৩/৪ টি করে (3R/4R) ছবি পরবর্তী ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে অবশ্যই অনলাইন পোর্টালে আপলোড করবেন।

**ঙ. জাতীয় মাদকবিরোধী কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত মোতাবেক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের পূর্বশর্ত হিসেবে প্রতিযোগীদের মাদকবিরোধী শপথ বাক্য পাঠ করাতে হবে।**

৮) জেলা পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের জন্য আর্থিক বরাদ্দ গ্রহণের নিমিত্তে ভেন্যু কলেজসমূহ তাদের স্ব স্ব ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্য https://sports.nu.ac.bd-এ গিয়ে College Login করার পর College Bank Details লিংকের মাধ্যমে নিম্নোক্ত ফরমেটে ১৭ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করবেন।

| College Name | Bank Name (In English) | Online Full Bank Account Number (In English) | Account Name (College Account) | Branch Name (In English) | Branch Code (In English) | Routing Number (In English) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

৯) প্রতিযোগিতা পরিচালনার সকল ক্ষেত্রে আন্তর্জাতিক/জাতীয়/ক্রীড়া ফেডারেশন-এর আইন ও বিধিবিধান অনুসরণ করতে হবে।

উল্লিখিত নীতিমালা ও সিডিউল অনুযায়ী আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ সুষ্ঠু ও যথাযথভাবে আয়োজন করার জন্য আপনার/আপনাদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(মোহাম্মদ শফিউল করিম)
পরিচালক
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন: ০২৯৯৬৬৯১৫৫৪
ই-মেইল: phy.edu.nu@gmail.com

QR Code Scan করে রেজিস্ট্রেশন করুন।

স্মারক নং-৩২(০৩৮)জাতীঃবিঃ/শাঃশিঃ/স্পোর্টসবোর্ড/২০১২/

তারিখ: ২৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ০৯ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১৪. অধ্যক্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ
১৫. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৬. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৭. পরিচালক, পরিবহন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৮. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৯. পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২০. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
২১. পরিচালক, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২২. অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২৩. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২৪. সহকারী রেজিস্ট্রার (কম্পিউটার), প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২৫. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২৬. অফিস কপি।

(মোঃ ইব্রাহীম খলিল)
অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইল : ০১৯৫৩৬৯৫৩৫৭